

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
শিশু ও সমৰ্থ অনুবিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mowca.gov.bd](http://www.mowca.gov.bd)

স্মারক নং-৩২.০০.০০০০.০৮১.২৫.০০৫.১৯.২১৭

তারিখ: ২১.০৯.২০২৩

### বিষয়ঃ দিনাজপুর জেলা জাতীয় মহিলা সংস্থার কার্যালয় পরিদর্শন প্রতিবেদন।


বিগত ১৬/০৯/২০২৩ তারিখ দুপুর ১২.৩০ ঘটিকায় দিনাজপুর জেলা জাতীয় মহিলা সংস্থার কার্যালয় পরিদর্শন করি। পরিদর্শনকালে জেলা প্রশাসনের উপ-পরিচালক (স্থানীয় সরকার) জনাব মোখলেছুর রহমান, জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান জনাব সুলতানা বুলবুল জেলা, কমিটির সদস্যবৃন্দ, জাতীয় মহিলা সংস্থার জেলা কর্মকর্তা সহ বিভিন্ন উপজেলার তথ্য সেবা কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

০১। জাতীয় মহিলা সংস্থার জেলা কার্যালয়টি জেলা শহরের মুনিপাড়া এলাকায় নিজস্ব তিন তলা ভবনে অবস্থিত। ভবনটি বেশ সুন্দর ও পরিপাণি এবং ভবনের নীচতলায় একটি মিলনায়তন সহ বিভিন্ন ফ্লোরে প্রশিক্ষণ কক্ষ ও প্রশাসনিক কার্যক্রম পরিচালিত হচ্ছে।

০৩। পরিদর্শনকালে মহিলা সংস্থার চেয়ারম্যান, ও সদস্যবৃন্দ, জেলা কর্মকর্তা ও তথ্য আপা প্রকল্পে কর্মরত বিভিন্ন উপজেলার তথ্য সেবা কর্মকর্তাবৃন্দের সাথে মতবিনিময় করা হয়। মতবিনিময়কালে মহিলা সংস্থার চেয়ারম্যান জানান অফিসের চতুর্পাশের সীমানা প্রাচীর অপেক্ষাকৃত নীচু হওয়ায় প্রায়ই অফিসের থাই গ্লাসের জানালা সহ অন্যান্য আসবাবপত্র চুরি হয়ে যায়। তথ্য আপা প্রকল্পের কর্মকর্তাবৃন্দ চলমান প্রকল্পের নানামূল্যী কার্যক্রম ও তৎপরতা তুলে ধরেন।

### ০৪। মন্তব্য/সুপোর্ট:

- (i) অফিসে চুরিসহ নানাবিধ স্থানীয় অসুবিধার বিষয়টি জেলা উন্নয়ন সমৰ্থ কমিটির মাসিক সভায় উপস্থাপন এবং এ বিষয়ে স্থানীয় জনপ্রতিনিধি ও আইন শৃংখলা বাহিনীর সহায়তা গ্রহণের জন্য জেলা জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান কে অনুরোধ করা হয়।
- (ii) অফিসের সীমানা প্রাচীর উচু করা/কাটাতারের বেড়া সংযোজনের বিষয়ে স্থানীয় জেলা পরিষদের সহায়তা গ্রহণের জন্য জেলা জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান কে অনুরোধ করা হয়।
- (iii) অফিস ভবনের নিয়মিত সংস্কার/রক্ষণাবেক্ষণের জন্য জাতীয় মহিলা সংস্থার প্রধান কার্যালয় থেকে অর্থ বরাদ্দের বিষয়ে নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থার সদয় দৃষ্টি আকর্ষন করা হলো।
- (iv) তথ্য আপা প্রকল্পের কর্মকর্তাগণকে মাঠ পর্যায়ে নিয়মিত উঠান বৈঠক আয়োজন সহ প্রকল্পের অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে প্রকল্প পরিচালকের দৃষ্টি আকর্ষণ করা হলো।



(মোঃ মুহিবুজ্জামান)

অতিরিক্ত সচিব

### সচিব

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

### অনুলিপিঃ অবগতি/কার্যালয়ে:

০১। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

০২। প্রকল্প পরিচালক, তথ্য আপা প্রকল্প, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

০৩। জেলা প্রশাসক, দিনাজপুর।

০৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫। জেলা কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা, দিনাজপুর।